



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়  
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)  
৩ সার্কিট হাউজ রোড, ঢাকা-১০০০  
www.pib.gov.bd

নম্বর: ১৫.৬২.০০০০.০০৩.২৫.০০৭.২০.৭

তারিখ: ১৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
২৯ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

## পরীক্ষার ফরম পূরণের নির্দেশনা

বিষয়: সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা প্রোগ্রামের পরীক্ষার ফরম পূরণের নির্দেশনা।

### ধাপ-১: জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আবেদন ফরম পূরণ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পরীক্ষার ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের শেষ তারিখ:

**০৭ ফেব্রুয়ারি ২০২৪**

### জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পরীক্ষার ফরম পূরণের পদ্ধতি:

আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.nu.ac.bd](http://www.nu.ac.bd)) Form Fill Up এ গিয়ে Apply to online form Fill-up (For Student) লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

### ধাপ-২: প্রয়োজনীয় কাগজপত্র

- (ক) পিআইবি নির্ধারিত পরীক্ষার ফরম পূরণের আবেদন (আবেদন ফরম পিআইবি'র ওয়েবসাইট [www.pib.gov.bd](http://www.pib.gov.bd) ও পিআইবি ভবন-০২ এর ৪১২ নম্বর কক্ষ থেকে সংগ্রহ করা যাবে)
- (খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পূরণকৃত ফরম পূরণের প্রিন্ট কপি (শিক্ষার্থীর স্বাক্ষরসহ)
- (গ) সম্প্রতি তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি
- (ঘ) পিআইবি'তে টাকা জমা দেওয়ার রশিদ অথবা বিকাশ পেমেন্টের তথ্যসমূহ

### ধাপ-৩: আবেদন জমা দেওয়ার পদ্ধতি

#### পদ্ধতি-০১: সরাসরি জমা প্রদান

- (ক) পিআইবি'র হিসাব শাখায় (ভবন-০২, লিফট এর ০১) হিসাব সহকারী-কাম-ক্যাশিয়ার সেখ রজ্জব আলীর নিকট টাকা জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে। জমার পরিমাণ ৪,৪০০/- (চার হাজার চারশত টাকা মাত্র)।
- (খ) ধাপ-২ এর কাগজপত্র সংযুক্তকরণ
- (গ) ধাপ-২ এর কাগজপত্রসমূহ সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা প্রোগ্রামের অফিস কক্ষে (কক্ষ নম্বর: ৪১২, ভবন-০২ এর লিফটের ৩) কম্পিউটার অপারেটর মো. আলাউদ্দিন এর নিকট জমা প্রদান।

বি.দ্র.: ফরম ও টাকা জমা দেওয়ার শেষ তারিখ ০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি। ফরম ও টাকা রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত জমা দেওয়া যাবে।

#### পদ্ধতি-০২: ডাকযোগে জমা প্রদান

- (ক) পরীক্ষার ফরম পূরণ বাবদ ৪৪০০/- ও বিকাশ চার্জ বাবদ ৭০/- সহ মোট ৪৪৭০/- বিকাশ পেমেন্ট করতে হবে।
- (খ) বিকাশ পেমেন্টের পদ্ধতি:

i. \*২৪৭# ডায়াল করে বিকাশ মোবাইল মেন্যুতে যান

- ii. “পেমেন্ট” সিলেক্ট করুন
- iii. মার্চেন্ট বিকাশ একাউন্ট নাম্বার হিসেবে ০১৯৭৮৮১৮৮৫৬ লিখুন
- iv. টাকার পরিমাণে ৫০০/- (পাঁচশত) লিখুন
- v. তথ্যসূত্র বা Reference এ রেজিস্ট্রেশন নম্বর লিখুন
- vi. কাউন্টার নাম্বারে ‘০’ লিখুন (প্রযোজ্য ক্ষেত্রে)
- vii. আপনার বিকাশ মোবাইল নম্বরের গোপন পিনটি দিয়ে পেমেন্ট সম্পন্ন করুন
- viii. আপনি বিকাশ থেকে একটি কনফার্মেশন মেসেজ পাবেন।

#### বিকাশ অ্যাপ থেকে টাকা পাঠানোর নিয়ম

- i. পেমেন্ট এ ক্লিক করুন
- ii. মার্চেন্ট নাম্বার এ ০১৯৭৮৮১৮৮৫৬ লিখুন
- iii. অ্যামাউন্ট এ ৫০০ (পাঁচশত) লিখুন
- iv. রেফারেন্স/Reference এ রেজিস্ট্রেশন নম্বর লিখুন
- v. কাউন্টার নাম্বারে ‘০’ লিখুন (প্রযোজ্য ক্ষেত্রে)
- vi. আপনার বিকাশ মোবাইল নম্বরের গোপন পিনটি দিয়ে পেমেন্ট সম্পন্ন করুন
- vii. আপনি বিকাশ থেকে একটি কনফার্মেশন মেসেজ পাবেন।

অথবা নিম্নের কিউআর কোড স্ক্যান করে বিকাশ পেমেন্ট সম্পন্ন করুন



বি.দ্র.: বিকাশে টাকা পাঠানোর ট্রানজেকশন আইডি, যে নম্বর থেকে পাঠানো হয়েছে সেই নম্বর, টাকা পাঠানোর সময় ও তারিখ আবেদনকারী সংরক্ষণ করবেন।

(গ) বিকাশে পেমেন্ট করে ধাপ-২ এর কাগজপত্রসমূহ নিম্নলিখিত ঠিকানায় ডাকযোগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো:

শুভ কর্মকার  
প্রভাষক  
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ  
৩ সার্কিট হাউস রোড  
ঢাকা-১০০০  
মোবাইল: ০১৫৭১৭৮৮১১৬

বি.দ্র.: ডাকটি অবশ্যই ০৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দের মধ্যে পিআইবি'তে পৌছাতে হবে। অন্যথায় ফরম পূরণ সম্পন্ন হবে না।

*(Handwritten signature)*

২৯-০১-২০২৪

জাফর ওয়াজেদ

মহাপরিচালক

২২২২১৯০৬ (ফোন)

৪৮৩১৭৪৫৮ (ফ্যাক্স)

dgpib@yahoo.com

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সহকারী অধ্যাপক, অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি);
- ২। প্রভাষক, অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি);
- ৩। প্রভাষক, অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি);
- ৪। মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি), ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ;
- ৫। কম্পিউটার অপারেটর, অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি), কার্যার্থে;
- ৬। হিসাব সহকারী কাম ক্যাশিয়ার, হিসাব শাখা, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি), কার্যার্থে এবং
- ৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (চলতি দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি), মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

